

# ইসলামিক ফাউন্ডেশন

চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়  
www.islamicfoundation.chapainawabganj.gov.bd  
সার্কিট হাউস রোড, চাঁপাইনবাবগঞ্জ  
E-mail: ifchapai@gmail.com



স্মারক নং: ১৬.০১.৭০০০.০২২.৫৫.০০১.০২-২৭২

তারিখ : ১৫.০২.২০২২ খ্রি:

বরাবর  
পরিচালক  
ইসলামিক ফাউন্ডেশন  
রাজশাহী বিভাগীয় কার্যালয়  
২৭৩, শালবালবাগান, সপুরা রাজশাহী।

বিষয়ঃ ইসলামিক ফাউন্ডেশন রাজশাহী বিভাগীয় মাসিক ৬ষ্ঠ সমন্বয় সভায় উপস্থাপনের জন্য জানুয়ারি/২০২২ মাসের কার্যক্রমের কার্যপত্র প্রেরণ প্রসঙ্গে।


স্মারক নং: ১৬.০১.৮১০০.০২১.০১.০০৯১.২০/২৭৪ তারিখ : ১০.০২.২০২২ খ্রি:

জনাব,  
আসসালামু আলাইকুম ওয়ারহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ইসলামিক ফাউন্ডেশন রাজশাহী বিভাগীয় কার্যালয়ে অনুষ্ঠিতব্য মাসিক ৬ষ্ঠ সমন্বয় সভায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের জানুয়ারি ২০২২ মাসের কার্যক্রমের কার্যপত্র মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

ক্রম	কার্যক্রমের বিবরণ	মন্তব্য
১	সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা, সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ এবং সামাজিক সমস্যা নিরসন' শীর্ষক কর্মশালা বাস্তবায়ন : গত ২৩/০১/২০২২ তারিখ থেকে ২৭/০১/২০২২ তারিখ পর্যন্ত অত্র জেলার পাঁচ উপজেলায় আলেম-ওলামা, ইমাম ও খতিবদের নিয়ে "সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা, সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ এবং সামাজিক সমস্যা নিরসন" শীর্ষক কর্মশালা বাস্তবায়ন করা হয়েছে।	
২	করোনার নতুন ধরন ওমিক্রন প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচারঃ করোনার নতুন ধরন আফ্রিকান ভ্যারিয়েন্ট ওমিক্রন নিয়ে বিশ্বব্যাপী সতর্ক অবস্থা চলছে। বাংলাদেশেও এই নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন ঠেকাতে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ১৫ দফা নির্দেশনা জারি করা হয়েছে। উক্ত নির্দেশনার ৬ সং দফায় বলা হয়েছে 'মসজিদসহ সকল উপাসনালয়ে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে'। উক্ত নির্দেশনার আলোকে মসজিদে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করণে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ঘোষিত ১৫ দফা নির্দেশনার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে শুরুর জুমআ পূর্ব বয়ানে নির্দেশনা সমূহ প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য জেলার সকল মসজিদের ইমাম/খতিব গণকে পত্র প্রদান করা হয়েছে।	
৩	উপজেলাভিত্তিক প্রশিক্ষণপ্রাপ্ত শ্রেষ্ঠ ইমাম বাছাই : অত্র জেলার পাঁচ উপজেলায় প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের প্রশিক্ষণলব্ধ জ্ঞানের আলোকে এবং আর্থিক অগ্রগতি ও সামাজিক কর্মতৎপরতার ভিত্তিতে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ ইমাম বাছাই করা হয়েছে।	
৪	নারী ও শিশু নির্যাতন, বাল্য বিবাহ ও মানবপাচার প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টিকরণে জুমআর প্রাক খুতবায় বক্তব্য প্রদান: নারী ও শিশু নির্যাতন, বাল্য বিবাহ ও মানবপাচার প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টিকরণে জুমআর প্রাক খুতবায় বক্তব্য প্রদানের জন্য জামে মসজিদের ইমাম/খতিবগণকে পত্র প্রদান করা হয়েছে।	
৫	যাকাতের অর্থে সেলাই প্রশিক্ষণ : ২০২১-২২ অর্থ বছরের ২য় ব্যাচে জেলায় যাকাতের অর্থে সেলাই প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। ০১ নভেম্বর ২০২১ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত ৪ মাস মেয়াদী কোর্সে ২০ জন প্রশিক্ষার্থীর ৪২তম ব্যাচে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে।	

এছাড়াও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে, কোন সমস্যা নাই।

  
15.02.2022  
(কৃষিবিদ মো: মাহমুদার রহমান)  
উপ পরিচালক  
ফোন : ০২৫৮৮৮৯২০২১